



তারিখ : ১৩ সেপ্টেম্বর ২০২৪

প্রেস বিজ্ঞপ্তি

বাংলাদেশ জাতীয়তাবাদী স্বেচ্ছাসেবক দল-কেন্দ্রীয় কমিটির সাধারণ সম্পাদক রাজিব আহসান এর বিবৃতি

আওয়ামী সন্ত্রাসীদের দ্বারা হামলার আশঙ্কায় দীর্ঘদিন গোপালগঞ্জ জেলাধীন টুঙ্গিপাড়ার কোটালীপাড়া থানার অন্তর্গত পাটগাতিস্থ নিজ গ্রামে যেতে পারেননি জাতীয়তাবাদী স্বেচ্ছাসেবক দল-কেন্দ্রীয় কমিটির সভাপতি এস এম জিলানী। আওয়ামী স্বৈরশাহীর পতনের পর আজ নিজ এলাকায় যাওয়ার পথে সদর থানার গুনাপাড়া এলাকায় দুষ্কৃতিকারিরা এস এম জিলানী এবং তার সহধর্মিনী গোপালগঞ্জ জেলা মহিলা দলের সভাপতি রওশন আরা রত্না সহ কমপক্ষে ৫০ জন নেতাকর্মীর ওপর বেপরোয়া হামলা চালিয়ে তাদেরকে গুরুতর আহত করেছে। হামলাকারীরা নেতাকর্মীদের বহনকারী গাড়ীবহরে হামলা চালিয়ে ব্যাপক ভাংচুর ও লুটপাট চালায়। দুষ্কৃতিকারিদের কর্তৃক এ ধরনের বর্বরোচিত ও কাপুরুষোচিত ঘটনায় গভীর উদ্বেগ প্রকাশ করে বিবৃতি দিয়েছেন বাংলাদেশ জাতীয়তাবাদী স্বেচ্ছাসেবক দল কেন্দ্রীয় কমিটির সাধারণ সম্পাদক রাজিব আহসান।

আজ এক বিবৃতিতে রাজিব আহসান বলেন, “আওয়ামী ফ্যাসিষ্ট শাসকগোষ্ঠীর ভয়াবহ দুঃশাসন থেকে জনগণ মুক্তি পেলেও দেশ এখনও পুরোপুরি নিরাপদ নয়। দুষ্কৃতিকারিরা ছাত্র-জনতার আন্দোলনে আওয়ামী স্বৈরাচারী শাসকগোষ্ঠীর পতনকে মেনে নিতে পারছে না বলেই দেশকে অস্থিতিশীল করতে মরিয়া হয়ে উঠেছে। আর জন্যই বিএনপি এবং অন্যান্য রাজনৈতিক দলের নেতাকর্মীসহ জনগণের ওপর হামলা চালাচ্ছে, তাদেরকে পৈশাচিক কায়দায় গুরুতর আহত করা হচ্ছে। আজ দুষ্কৃতিকারিদের দ্বারা স্বেচ্ছাসেবক দলের সভাপতি এস এম জিলানী সহ কমপক্ষে ৭০ জন নেতাকর্মীর ওপর নিষ্ঠুর হামলা এবং তাদেরকে গুরুতর আহত করার ঘটনা তারই নির্মম বহিঃপ্রকাশ। এসব সন্ত্রাসীদের কঠোর হস্তে দমন করা ছাড়া কোন বিকল্প নেই। হামলা ও রক্তাক্ত পথ অনুসরণ করে ষড়যন্ত্রকারীরা যাতে ফায়দা লুটতে না পারে সেজন্য দলমত নির্বিশেষে সবাইকে সজাগ থাকতে হবে। আর তাহলেই দেশে প্রকৃত গণতন্ত্র ও সুশাসন প্রতিষ্ঠিত হবে।”

রাজিব আহসান বিবৃতিতে এস এম জিলানী এবং তার সহধর্মিনী সহ নেতৃবৃন্দের ওপর হামলাকারী দুষ্কৃতিকারিদের অবিলম্বে গ্রেফতার ও দৃষ্টান্তমূলক শাস্তির জোর আহ্বান জানান এবং আহতদের আশু সুস্থতা কামনা করেন।

বার্তা প্রেরক,

(কাজী আব্দুল্লাহ আল মামুন)

দপ্তর সম্পাদক (যুগ্ম-সম্পাদক পদমর্যাদা)

বাংলাদেশ জাতীয়তাবাদী স্বেচ্ছাসেবক দল

কেন্দ্রীয় কমিটি